ওয়েভ ফাউন্ডেশন
WAVE FOUNDATION
Together for Better Life

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন

IFAD
Investing in rural people

EMBASSY OF DENMARK



# RURAL MICROENTERPRISE TRANSFORMATION PROJECT (RMTP)

## উপ-প্রকল্পের নাম: নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন





ওয়েভ ফাউন্ডেশন ২০২২ সাল হতে পিকেএসএফ-এর সহায়তায় International Fund for Agricultural Development (IFAD) এবং DANIDA-র আর্থিক ও কারিগরি সহযোগীতায় RMTP প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পটি মাংস ও দুগ্ধ উপখাতের সাথে সম্পর্কিত ক্ষুদ্র ও প্রান্তিক চাষী/খামারি পরিবার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আয়বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ ও পারিবারিক পুষ্টির উন্নয়নে কাজ করবে। এই প্রকল্প বিভিন্ন পর্যায়ে নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের ভ্যালু চেইন উন্নয়ন, মূল্য সংযোজন, উদ্যোগের উন্নয়নে আর্থিক সেবা সম্প্রসারণ এবং প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণে কাজ করবে। দক্ষ উৎপাদন পদ্ধতি এবং ক্ষুদ্র ও প্রান্তিক খামারিদের শক্তিশালী বাজার সংযোগের মাধ্যমে উদ্যোগের পরিসর বাড়ানো এবং উদ্যোগ সম্প্রারণের জন্য কাজ করবে। এই প্রকল্পের মাধ্যমে অপর্যাপ্ত পশু পরিষেবা, মানসম্পন্ন খাদ্যের অভাব, প্রচলিত খামার ব্যবস্থাপনা, দূর্বল প্রক্রিয়াজাতকরণ, নিরাপদ মাংস ও দুধ উৎপাদন সম্পর্কে জ্ঞানের অভাব এবং নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার বিকাশে আইসিটি এবং আর্থিক পরিষেবার অপর্যাপ্ততার মতো সমস্যাসমূহ সমাধানে কাজ করা হবে।

**প্রকল্পের সময়কাল:** জানুয়ারী ২০২২-ডিসেম্বর ২০২৪

**প্রকল্পের লক্ষ্য:** ভ্যালু ভ্যালু চেইন কর্মকাণ্ডের মাধ্যমে প্রকল্পের আওতাভুক্ত প্রান্তিক, ক্ষুদ্র কৃষক ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আয়, খাদ্য সুরক্ষা ও পুষ্টি পরিস্থিতি স্থিতিশীলভাবে (Sustainable) বৃদ্ধি হবে। অর্থাৎ উপ-প্রকল্প বাস্তবায়নের ফলে ৭০ শতাংশ উদ্যোক্তার ন্যূনতম ৫০ শতাংশ আয় বৃদ্ধি পাবে এবং ৩০ শতাংশ প্রকল্পভুক্ত সদস্যরা তাদের নিয়মিত খাদ্য তালিকায় পুষ্টিমান সমৃদ্ধ খাবার যুক্ত করবে।

**প্রকল্পের উদ্দেশ্য:** প্রকল্পের সহায়তাপুষ্ট নির্বাচিত গ্রামীণ পণ্যের ভ্যালু চেইন টেকসইভাবে উন্নয়ন হবে। উপ-প্রকল্পের মাধ্যমে ৮০ শতাংশ উদ্যোক্তার নিরাপদ প্রাণিসম্পদ সংশ্লিষ্ট উদ্যোগের উৎপাদন বৃদ্ধি পাবে। যার ফলে উৎপাদিত পণ্যের বিক্রয় ন্যূনতম ৩০ শতাংশ ও ব্যবসায় মুনাফা ২০ শতাংশ বৃদ্ধি পাবে।

### প্রকল্পের কর্ম এলাকা:

| জেলা | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা (সংখ্যা) | জেলা | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা (সংখ্যা) |
|---|---|---|---|---|---|
| চুয়াডাঙ্গা | সদর | ০৪ | মেহেরপুর | সদর | ০৪ |
| | দামুড়হুদা | ০৩ | | গাংনী | ০৪ |
| ঝিনাইদহ | সদর | ০৪ | | মুজিবনগর | ০৩ |

**প্রকল্পটি ৩টি জেলায় ০৬টি উপজেলার ২০টি ইউনিয়ন ও ০২টি পৌরসভায় কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।**

**প্রকল্পের লক্ষিত জনগোষ্ঠী:** মোট সদস্য ২৫০০০ জন।

| উৎপাদনকারী ঃ ২৪,০০০ জন | |
|---|---|
| ▲ দুগ্ধজাত পণ্য উৎপাদন/ডেইরি প্রডাক্ট | ৬,৫০০ জন |
| ▲ গো-মাংস/বিফ | ৬,০০০ জন |
| ▲ ছাগলের মাংস/মাটন | ১০,০০০ জন |
| ▲ ভেড়ার মাংস | ১,৫০০ জন |

| সার্ভিস প্রোভাইডার- ১,০০০ জন | |
|---|---|
| ▲ ব্যাকওয়ার্ড মার্কেট (এলএসপি/কৃত্রিম প্রজননকারী, সাব-ডিলার, ঘাস/সাইলেজ বিক্রেতা, গোয়ালা) | ৪৫০ জন |
| ▲ প্রক্রিয়াজাতকারী ও মাননিয়ন্ত্রনকারী | ২০০ জন |
| ▲ ফরওয়ার্ড মার্কেট | ৩৫০ জন |

### প্রকল্পের মাধ্যমে উৎপাদিত পণ্যসমূহ:

- **দুগ্ধজাত পণ্য (গরু):** পাস্তুরিত তরল দুধ, পণির, ফর্টিফাইড ঘি, মাখন, দই, মিল্ক-শেক, লাবাং, আইসক্রিম
- **গো-মাংস/বিফ:** ফ্রেশ ও হিমায়িত মাংস, লাইভ এনিমেল (Global GAP প্রোটোকল অনুসরণে উৎপাদিত)
- **ছাগলের মাংস (Mutton):** ব্লাক বেঙ্গল ছাগল- ফ্রেশ ও হিমায়িত মাংস, লাইভ এনিমেল (Global GAP উৎপাদিত)
- **ভেড়ার (গাড়ল ও দুম্বা) মাংস (Lamb):** ফ্রেশ ও হিমায়িত মাংস, লাইভ এনিমেল

### RMTP প্রকল্পের আওতায় ইন্টারভেনশন ও কার্যক্রমসমূহ:

প্রকল্পের আওতায় মোট ৬টি ইন্টারভেনশনের মাধ্যমে বিভিন্ন কর্মকাণ্ড বাস্তবায়ন করা হবে। ইন্টারভেনশন ও কার্যক্রমসমূহ নিম্নে বর্ণিত হলো-

**ইন্টারভেনশন ০১:** প্রাণিসম্পদের সার্ভিস মার্কেট উন্নয়ন (উৎপাদন ও রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে) এলএসপি ও GGAP বিষয়ে মাস্টার ট্রেইনার উন্নয়ন, গবাদিপ্রাণি পালন ও এএঅচ বিষয়ে খামারিদের প্রশিক্ষণ ও হাতবই বিতরণ, প্রাইভেট সেক্টরের মাধ্যমে টিকাদান ও কৃমিনাশক ক্যাম্পেইন, টেস্টিং সুবিধা উন্নয়ন, নতুন পলিসি উন্নয়ন ও বিদ্যমান পলিসির বাস্তবায়ন, ইস্যুভিত্তিক সভা, কৃত্রিম প্রজনন, ভ্যাকসিনেশন হাব/ক্লিনিক স্থাপন এবং প্রাইভেট সেক্টর এনগেজমেন্ট।

**ইন্টারভেনশন-০২:** গো-খাদ্যের বাজার উন্নয়ন (প্রাণির উৎপাদন ও পুনরোৎপাদন ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে) কাউকমফোর্ট, প্রচলিত দানাদার, রেডিফিড, কাফ স্ট্রার্টার, সতেজ কাঁচা ঘাস, সাইলেজ, ইউএমএস, ইউএসটি, নিউট্রিশন প্রযুক্তির প্রমোশনাল ক্যাম্পেইন, উক্ত কর্মকাণ্ডের প্রদর্শনী উন্নয়ন ও মাঠ দিবস, প্রাণিখাদ্যের সরবরাহ নেটওয়ার্ক উন্নয়নপূর্বক ফিজিক্যাল ও ভার্চুয়াল মার্কেট সৃষ্টি এবং প্রাইভেট সেক্টর এনগেজমেন্ট।

**ইন্টারভেনশন-০৩:** খামার যান্ত্রিকীকরণ (সময়, শ্রম ও অর্থ সাশ্রয়ের লক্ষ্যে) প্রশিক্ষণ ও কর্মশালা, প্রাইভেট কোম্পানির সাথে যৌথভাবে সাইলেজ ও ঘাস বেলার মেশিন, দানাদার খাদ্য ভাঙ্গানোর মেশিন, খর ও ঘাসকাটার মেশিন, টিএমআর মেশিন, মিল্কিং মেশিন, সেন্ট্রাল মিল্ক কালেকশন পয়েন্ট, গোবর ও গোমূত্র থেকে কম্পোস্ট তৈরি ইত্যাদি মেশিনের প্রদর্শনী উন্নয়ন ও প্রমোশন।

**ইন্টারভেনশন-০৪:** নিরাপদ দুগ্ধজাত পণ্য উৎপাদন ও প্রিমিয়াম বাজারে প্রবেশ মিনি চিলিং ও পাস্তুরাইজেশন প্ল্যান্ট উন্নয়ন এবং প্যাকেজিং, হোয়ে প্রোটিন, ননী পৃথকীকরণ, অটোমেটিক চিজ ও ঘি তৈরি, ইউগার্ড ইনকিউবেটর ইত্যাদি মেশিনের ব্যবহার, বিদ্যমান দুগ্ধজাত পণ্যের ফর্টিফিকেশন, ইন্ডাস্ট্রি গ্রেডের পণ্য উৎপাদন , ছাগলের পাস্তুরাইজেশন দুধ ও পনির উৎপাদন, পণ্যের সনদায়ন (BSTI I HACCP), মোড়ক উন্নয়ন, এফ-কমার্সে পণ্য বিক্রয়, সেলস প্রমোটর নিয়োগ ও সেলস প্রমোশন এবং প্রাইভেট সেক্টর ইনগেজমেন্ট।

**ইন্টারভেনশন-০৫:** নিরাপদ মাংস উৎপাদন ও প্রিমিয়াম বাজারে অনুপ্রবেশ মাংস উৎপাদনকারী ভেড়া ও ছাগলের প্রদর্শনী, প্রাণী বিক্রয়ে কালেকশান পয়েন্ট উন্নয়ন, পরিবহন সেবার উন্নয়ন, মাংস প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট উন্নয়ন, মাংসের গ্রেডিং ও কাট উন্নয়ন, কন্ট্রাক্ট ফার্মিং উন্নয়ন, নিরাপদ ফ্রেস ও হিমায়িত মাংস সরবরাহে কসাইখানা উন্নয়ন, পণ্যের সনদায়ন ও পণ্য বিক্রয়ে সেলস প্রমোশন এবং প্রাইভেট সেক্টর ইনগেজমেন্ট।

**ইন্টারভেনশন-০৬:** তথ্য-প্রযুক্তি ও ঋণের প্রবাহ বৃদ্ধি অগ্রসর কার্যক্রমের ডিমান্ড তৈরিতে বিভিন্ন পণ্যের পরিচিতিকরণ, উদ্যোক্তাদের ফাইন্যান্সিয়াল লিটারেসি ও ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ, টেকসই ব্যবসা উন্নয়নে পুষ্টি, জলবায়ু ও সামাজিক ইস্যু, ব্যবসায় বিভিন্ন অ্যাপস (টালিখাতা/এস-ম্যানেজার, প্রাণির রেকর্ড কিপিং/সুদক্ষ, প্রাণির সার্ভিস/সুরক্ষা, ইন্সুরেন্স, অনলাইন প্রাণির হাট ইত্যাদি) ব্যবহার ইত্যাদি।

**উপ-প্রকল্পের ফলাফল:** প্রাণিসম্পদ সম্পর্কিত উদ্যোগগুলোর কার্যকরী উৎপাদন পদ্ধতি, আন্তর্জাতিক স্বীকৃত সুরক্ষামান, ট্রেসেবিলিটি, বাজার সংযোগ ইত্যাদি শক্তিশালী ও টেকসইভাবে বৃদ্ধি পাবে। অর্থাৎ উপ-প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে:

**ক.** উপ-প্রকল্পের ৯০ শতাংশ উদ্যোক্তা গুণগতমানের উপকরণ, উন্নত প্রযুক্তি বা উত্তম অনুশীলনের মাধ্যমে নিরাপদ পণ্য উৎপাদন কার্যক্রম পরিচালনা করবে;

**খ.** উপ-প্রকল্পের ১০ শতাংশ উৎপাদনকারী দল সরকারি বা বেসরককারি বড় বাজার বা ক্রেতার সাথে প্রাতিষ্ঠানিক/চুক্তিভিত্তিক ব্যবসা পরিচালনা করার সক্ষমতা অর্জন করবে;

**গ.** উপ-প্রকল্পের ৪০ শতাংশ সদস্য পরিবেশ বান্ধব টেকনোলজি গ্রহণ করবে।

প্রকল্পটি বাস্তবায়নের ফলে খামারি পর্যায়ে কৃমিনাশক, টিকাদান, কৃত্রিম প্রজনন, গ্যাপ, বৈচিত্র্যময় গো-খাদ্য, খামার যান্ত্রিকীকরণ, আইসিটি, পণ্যের সনদায়ন (প্রযোজ্য ক্ষেত্রে), বিপণন, আর্থিক সেবার চাহিদা বাড়বে এবং দুধ ও মাংস উৎপাদন বাড়বে। ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড মার্কেটের সার্ভিস প্রোভাইডারগণ সংশ্লিষ্ট কোম্পানির সাথে সংযোগ স্থাপনপূর্বক নিজেদের দক্ষতা, ব্যবসায় বিনিয়োগ, গুণগত উপকরণ এবং সেবার গুণগত মান ও সংখ্যা বৃদ্ধি পাবে। ব্যাকওয়ার্ড মার্কেটে সংশ্লিষ্ট কোম্পানির সাপ্লাইচেইন নেটওয়ার্কের বিস্তার ঘটবে। ফরওয়ার্ড মার্কেটে সাব-কন্ট্রাক্টিং ও কন্ট্রাক্ট ফার্মিং এর সংখ্যা ক্রমান্বয়ে বাড়বে। সংস্থার নতুন ঋণ পণ্য তৈরি হবে এবং উপযুক্ত ঋণ ও কারিগরি সেবার সম্প্রসারণ ঘটবে।

**ওয়েভ ফাউন্ডেশন**
২২/১৩বি, ব্লক-বি, খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
ফোন ও ফ্যাক্স : +৮৮ ০২ ৫৮১৫১৬২০, +৮৮ ০২ ৪৮১১০১০৩
Email: info@wavefoundationbd.org
Website: www.wavefoundationbd.org